




## শর্তাবলী :

- ১) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ১৬ আগস্ট ২০২২ ইং। সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা বরাবরে উক্ত তারিখের (১৬ আগস্ট ২০২২ ইং) মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌছাতে হবে।
- ২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট ([www.pust.ac.bd](http://www.pust.ac.bd))-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে :  
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৩ কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (চ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।
- ৩) (ক) সকল পদের প্রার্থীদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।  
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- ৪) স্বীকৃত জার্নাল বলতে ISSN নম্বর সম্বলিত Peer Reviewed গবেষণা জার্নাল অথবা ISBN নম্বর সম্বলিত গবেষণা পুস্তক বুঝাবে।
- ৫) বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে এবং বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক প্রকাশনার অতিরিক্ত ০২(দুই)টি (প্রথম গবেষক হিসেবে একটি ও সহযোগী গবেষক হিসেবে একটি) প্রকাশনার জন্য ০৬(ছয়) মাস এবং আরও অতিরিক্ত ০২(দুই)টি (প্রথম গবেষক হিসেবে একটি ও সহযোগী গবেষক হিসেবে একটি) প্রকাশনার জন্য আরও ০৬(ছয়) মাস রেয়াত সুবিধা পাবেন এবং সর্বোচ্চ ১(এক) বছর রেয়াতি সুবিধা প্রাপ্য হবেন।
- ৬) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৭) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৮) ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৯) প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।
- ১০) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষা এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১) পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে সকল পদের প্রার্থীদের ৫০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।
- ১২) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
২০/০৭/২০২২

রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)  
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
পাবনা।